

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসক, নাটোর
ও
রিটানিং অফিসারের কার্যালয়
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন
www.natore.gov.bd

পোস্টাল ব্যালটে ভোটদান সংক্রান্ত গণ-বিজ্ঞপ্তি

এতদ্বারা সফলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাননীয় নির্বাচন কমিশন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের সময়সূচি ঘোষণা করেছেন। উক্ত সময়সূচি অনুযায়ী ভোটগ্রহণের তারিখ আগামী ০৭ জানুয়ারী ২০২৪ খ্রি. রবিবার। জাতীয় সংসদ নির্বাচনে কতিপয় ব্যক্তিবর্গের জন্য পোস্টাল ব্যালট এর মাধ্যমে ভোটাধিকার প্রায়োগের বিধান রয়েছে।

২। পোস্টাল ব্যালটে ভোটদানঃ গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ২৭ অনুচ্ছেদে জাতীয় সংসদ নির্বাচনে নিয়রূপ ব্যক্তিবর্গের পোস্টাল ব্যালট এর মাধ্যমে ভোটাধিকার প্রয়োগ করতে পারবেনঃ

(ক) ভোটার তালিকা আইন, ২০০৯ এর ৮ এর উপ-ধারা (৩) এবং (৫) এ বর্ণিত ব্যক্তিবর্গ;


(খ) কোন ব্যক্তি তিনি যে ভোটকেন্দ্রে ভোট দেয়ার অধিকারী সে কেন্দ্রে ছাড়া অন্য কোন ভোটকেন্দ্রে নির্বাচন সংক্রান্ত কোন দায়িত্ব পালনের জন্য নিযুক্ত আছেন;

(গ) বাংলাদেশী ভোটার বিদেশে বসবাস করলে।

৩। পোস্টাল ব্যালটে ভোটদানের জন্য আবেদনঃ ভোটদানের জন্য (ক) দফায় উল্লিখিত ব্যক্তিবর্গ কমিশন কর্তৃক নির্বাচনি সময়সূচির প্রজ্ঞাপন ঘোষনার দিন হতে ১৫ (পনের) দিনের মধ্যে পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোটদানের জন্য রিটানিং অফিসারের নিকট বিধি অনুসারে আবেদন করতে পারবেন এবং নির্বাচনের কাজে নিযুক্ত ব্যক্তিগণকেও নির্বাচনি কাজে নিয়োগপ্রাপ্ত হওয়ায় সাথে সাথে সংশ্লিষ্ট রিটানিং অফিসারের নিকট আবেদন করতে হবে।

৪। কোন ভোটার পোস্টাল ব্যালটে ভোট প্রদানের জন্য তার ব্যালট পেপার প্রাপ্তির পর, নির্ধারিত পদ্ধতিতে, তার ভোট রেকর্ড করিবার পর ব্যালট পেপারটি দফা (৩) এর অধীন তার নিকট প্রেরিত খামে ন্যূনতম বিলম্বের মধ্যে রিটানিং অফিসারের নিকট ডাকযোগে প্রেরণ করবেন।

উল্লেখ্য যে, নাটোর জেলার ০৪টি সংসদীয় আসনের [৫৮ নাটোর-১ (লালপুর ও বাগাতিপাড়া, ৫৯ নাটোর-২ (নাটোর সদর ও নলডাঙ্গা), ৬০ নাটোর-৩ (সিংড়া), ৬১ নাটোর-৪ (গুরুদাসপুর ও বড়াইগ্রাম)] পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোটদানের জন্য যোগ্য ভোটারগণ উপরের নির্দেশনা অনুসরণ করে আগামী ৩০ নভেম্বর ২০২৩ তারিখের মধ্যে নিয়ম স্বাক্ষরকারীর বরাবর আবেদন করতে পারবেন।


(আবু নাছের ভূঞা)
জেলা প্রশাসক, নাটোর

ও


রিটানিং অফিসার
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন
ফোন-০২৫৮৮৮৭৩৭৪১
dcnatore@mopa.gov.bd

নম্বরঃ ০৫.৪৩.৬৯০০.০০১.১৬.০৪৪.২৩. ৪৮-৪

তারিখঃ ১৬ নভেম্বর ২০২৩ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা
- ২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল।
- ৪। পুলিশ সুপার, নাটোর।
- ৫। জেলা নির্বাচন অফিসার, নাটোর।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটানিং অফিসার.....(সকল), নাটোর (তঁকে বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৭। জেলা তথ্য অফিসার, নাটোর (তঁকে বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৮। উপজেলা নির্বাচন অফিসার(সকল) নাটোর।
- ৯। সভাপতি/সম্পাদক, নাটোর প্রেস ক্লাব, নাটোর।
- ১০। নোটিশ বোর্ড।


জেলা প্রশাসক, নাটোর

ও

রিটানিং অফিসার
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন